

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৭২.০১৫.০০.০০.০৮৪.২০০৪(৪র্থ খন্ড)-২৩২

তারিখঃ ২৩.১০.২০১৮খ্রিঃ


বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন “১০০ শয্যা বিশিষ্ট যশোর জেনারেল হাসপাতালকে ২৫০ শয্যায় উন্নীতকরণ শীর্ষক সমাপ্ত প্রকল্পের ৮৯ (উননব্বই)টি পদের চাকুরী রাজস্বখাতে নিয়মিতকরণের লক্ষ্যে জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা’২০১৮ প্রণয়ন সংক্রান্ত।

সূত্র: ১. জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং- ০৫.০০.০০০০.১৭০.২২.০৩৭.১৫-১২৩, তারিখ: ১৫.০৫.২০১৮খ্রিঃ।

২. ২৫০/শ:বি:জে:হা:/যশোর/শা-২/১৮/৬৩৬৪, তারিখ-০৯.০৯.২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীন “১০০ শয্যা বিশিষ্ট যশোর জেনারেল হাসপাতালকে ২৫০ শয্যায় উন্নীতকরণ” শীর্ষক সমাপ্ত প্রকল্পের ৮৯ (উননব্বই)টি পদের চাকুরী রাজস্বখাতে নিয়মিতকরণের লক্ষ্যে জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা’২০১৮ প্রণয়নের জন্য সংশ্লিষ্ট তথ্যাদি/কাগজপত্রসহ সার-সংক্ষেপ-এর ৩০(ত্রিশ) সেট মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩

অতিরিক্ত সচিব(বিধি)
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ: আ:-উপ-সচিব, বিধি-১ শাখা)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, যশোর।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৪। যুগ্ম-সচিব (প্রবা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭২.২৬.০০৮.১৭-২৪৪

তারিখঃ ২০.১০.২০১৮খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিঁজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ মেটরনাল, নিউনেটাল চাইল্ড এন্ড এডোলেসেন্ট হেলথ অপারেশনাল প্ল্যানের অনুকূলে ইপিআই এন্ড সার্ভিল্যান্স কর্মসূচির গাড়ী নং ঢাকা মেট্রো-ঘ-১৩-০২০২ প্রাডো জীপ এর ০৪(চার)টি টায়ার ক্রয় বাবদ ১,১৬,৩৬৮/- (এক লক্ষ ষোল হাজার তিনশত আটষট্টি) টাকার প্রশাসনিক অনুমোদন ও আর্থিক অনুমোদন প্রদান প্রসংগে।

সূত্রঃ নং- (১) অর্থ বিভাগের নথি নং-০৭.১০৪.০১৪.২০১১.১১২.২০১৬-৫৬, তারিখঃ ১৭/১০/২০১৮খ্রিঃ।

(২) স্বাস্থ্য অধিদপ্তরের পত্র নং-স্বাঃঅধিঃ/ইপিআই/ট্রান্স:-৪৯/২০১৪/১৫৩০, তারিখঃ ২৬/০৯/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীন এমএনসিএন্ডএইচ অপারেশনাল প্ল্যানের আওতায় ইপিআই এন্ড সার্ভিল্যান্স কর্মসূচির ঢাকা মেট্রো-ঘ-১৩-০২০২ প্রাডো জীপ এর ০৪(চার)টি টায়ার ক্রয় বাবদ ১,১৬,৩৬৮/- (এক লক্ষ ষোল হাজার তিনশত আটষট্টি) টাকা ব্যয়ে অর্থ বিভাগের সম্মতিক্রমে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি।

০২। এ ব্যয় চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের স্বাস্থ্য সেবা বিভাগের অধীন "মেটরনাল, নিউনেটাল চাইল্ড এন্ড এডোলেসেন্ট হেলথ" (কোড-২২৪০২১০০৪) শীর্ষক অপারেশনাল প্ল্যানের আওতায় ইপিআই প্রোগ্রামের হেডকোয়ার্টার এর অর্থনৈতিক কোড-৯০০০১৮ যানবাহন মেরামত ও সংরক্ষণ কোড ৩২৫৮১০১-এ বিভাজিত অর্থ হতে সংকুলান করা হবে। তবে শর্ত থাকে যে,

- (ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট অ্যাক্ট-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস-২০০৮ অনুসরণসহ যাবতীয় সরকারী সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (খ) অর্থবিভাগের ১৬/০৮/২০১৫খ্রিঃ তারিখের পরিপত্র নং-৫৭৫ এর তালিকার ক্রমিক নং-৫ মোতাবেক সরকারি যানবাহন কারখানা কর্তৃক প্রত্যায়িত করতে হবে, তারা উক্ত মেরামত কাজ করতে অসমর্থ; অথবা সরকারি যানবাহন কারখানার পরিবর্তে টেমো NOC দিতে পারে।
- (গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) সমর্পন করতে হবে।
- (ঘ) ছাড়কৃত অর্থের ক্ষেত্রে কোন প্রকার দ্বৈততা (duplication/overlapping) না হওয়ার বিষয়টি প্রশাসনিক মন্ত্রণালয় নিশ্চিত করবে; এবং
- (ঙ) প্রস্তাবিত ঢাকা মেট্রো-ঘ-১৩-০২০২ প্রাডো জীপ এর ০৪(চার)টি টায়ার ক্রয় ব্যতিত অন্য কোন কাজে এ অর্থ ব্যয় করা যাবে না।

সংযুক্তি-০১ (এক) পাতা

স্বাঃ

(মোহাম্মদ নাসির উদ্দীন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৯৫৫৩

নং-৪৫.০০.০০০০.১৭২.২৬.০০৮.১৭-২৪৪/১(৭)

তারিখঃ ২০.১০.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। লাইন ডাইরেক্টর, "মেটরনাল, নিউনেটাল চাইল্ড এন্ড এডোলেসেন্ট হেলথ" স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। প্রোগ্রাম ম্যানেজার, ইপিআই এন্ড সার্ভিল্যান্স, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন) স্বাস্থ্য সেবা বিভাগ এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব

২০.১০.২০১৮